রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।
আইন বিভাগ

প্যানেল আইনজীবী পদে নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর নাটোর জোনের জন্য ০১জন, বগুড়া(দঃ) জোনের জন্য ০১জন, জয়পুরহাট জোনের জন্য ০৮জন, পাবনা জোনের জন্য ০৮জন, রংপুর জোনের জন্য ১২জন, গাইবান্ধা জোনের জন্য ২০জন, কুড়িগ্রাম জোনের জন্য ০২জন, নীলফামারী জোনের জন্য ০৮জন, দিনাজপুর(দঃ) জোনের জন্য ০২জন প্যানেল আইনজীবীসহ মোট ৬২টি প্যানেল আইনজীবী'র শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ও নির্ধারিত আবেদন ফরম www.rakub.org.bd ওয়েব সাইটসহ আইন বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী এবং স্ব স্ব জেলায় অবস্থিত সংশ্লিষ্ট জোনাল কার্যালয় হতে অফিস চলাকালীন সময় সংগ্রহ করা যাবে এবং বর্ণিত কার্যালয়ে জমা করা যাবে।

উল্লেখ্য যে, রাকাব এর সংশ্লিষ্ট জোনের প্যানেল আইনজীবী পদের জন্য শুধুমাত্র উক্ত জেলা আইনজীবী সমিতির তালিকাভুক্ত সদস্য আবেদনপত্র দাখিল করবেন।

আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ আগামী ৩০ মার্চ, ২০২৩

মোঃ জাকির হোসেন
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০২৫৮৮-৮২০০৯৪

২৮.০২.২৩

(মোঃ জাকির হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
আইন বিভাগ
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
আইন বিভাগ

প্যানেল আইনজীবী পদে নিয়োগের আবেদনপত্র

০১। পদের নাম ঃ

০২। আবেদনকারীর নাম ঃ

০৩। পিতার/স্বামীর নাম ঃ

০৪। মাতার নাম ঃ

০৫। স্থায়ী ঠিকানা ঃ

০৬। বর্তমান ঠিকানা (মোবাইল নম্বর সহ) ঃ

০৭। যে জেলায় প্যানেল আইনজীবী হিসাবে নিয়োগ পেতে ইচ্ছুক ঃ

০৮। ক) জাতীয়তা ঃ
খ) জাতীয় পরিচয়পত্র নং

০৯। জন্ম তারিখ (এস এস সি সার্টিফিকেট অনুসারে) ঃ

১০। বয়স (৩১.০৩.২০২৩ তারিখে) ঃ

১১। শিক্ষাগত যোগ্যতা ঃ

ক্রঃনং	পরীক্ষার নাম	পরীক্ষার সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী

১২। আইনজীবী হিসেবে তালিকাভূক্তির তারিখ (বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্রের কপিসহ) ঃ

১৩। আইন ব্যবসায়ে অভিজ্ঞতা (অর্থ ঋণ আদালত/জেলা জজ আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগ/অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা আলাদা আলাদা ভাবে উল্লেখ করতে হবে)। ঃ

১৪। আইন ব্যবসায়ে বিশেষ বিশেষ ক্ষেত্রে পারদর্শিতা (ব্যাংক কোম্পানী আইন ও অর্থঋণ আদালত আইনের আওতায় পরিচালিত প্রতিষ্ঠানওয়ারী মোট কেসের সংখ্যা এবং কোর্টের রায় পক্ষে ও বিপক্ষে প্রাপ্ত কেসের সংখ্যা উল্লেখ করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজে তথ্য সংযোজন করা যাবে) ঃ

১৫। বর্তমানে অত্র ব্যাংকে বা অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে প্রতিষ্ঠানের নাম এবং কখন হতে নিয়োজিত আছেন তার বিবরণ ঃ

১৬। ৫০০/-(পাঁচশত) টাকার সংযুক্ত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও শাখার নাম ঃ

১৭। অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

তারিখঃ .... আবেদনকারীর স্বাক্ষর

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

আইন বিভাগ

প্যানেল আইনজীবী নিয়োগের শর্তাবলী

০১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট জেলা সদরে স্থায়ীভাবে বসবাসকারী আইন ব্যবসায়ে নিয়োজিত আইনজীবী হতে হবে।

০২. আবেদনকারীকে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হতে হবে এবং এ সংক্রান্ত বিষয়ে স্থানীয় জেলা আইনজীবী সমিতির প্রত্যয়ণ পত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩. আবেদনকারী মাদকাসক্ত, অপ্রকৃতিস্থ ও উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে অযোগ্য বিবেচিত হবে।

০৪. ব্যাংকের প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে ব্যাংক সংক্রান্ত বিষয়ে ব্যাংকের প্রতিপক্ষকে মতামত প্রদান কিংবা ব্যাংকের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা ব্যাংকের প্রতিপক্ষকে সমর্থন করা যাবে না এবং আবেদনকারী রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর স্বার্থ পরিপন্থি কোন কর্মকান্ডে জড়িত থাকতে পারবে না।

০৫. অর্থঋণ এবং সার্ভিস ম্যাটার সংক্রান্ত বিষয়ে বিশেষ অভিজ্ঞ ও পারদর্শী আইনজীবীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৬. আবেদনকারীকে সকল প্রকার মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতাসহ নূন্যতম ০৫ বৎসরের মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

০৭. আবেদনকারীকে ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ সম্পর্কে স্পষ্ট ধারনা থাকতে হবে এবং সিভিল আদালত বিশেষ করে অর্থঋণ আদালতে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

০৮. প্যানেল আইনজীবীগণের নিয়োগকালের মেয়াদ হবে নিয়োগের তারিখ হতে পরবর্তী ০২ বৎসর। মেয়াদকাল পূর্তির আগে যে কোন পক্ষ ৩০ দিনের নোটিশে নিয়োগ বাতিল /ইস্তফা প্রদান করতে পারবেন।

০৯. ব্যাংকের মূল মামলা যে প্যানেল আইনজীবীর মাধ্যমে দায়ের করা হবে সংশ্লিষ্ট মামলার ডিক্রী প্রাপ্তির পর সম্ভাব্যক্ষেত্রে সেই প্যানেল আইনজীবী ডিক্রীজারী/কার্যকর মামলা দায়ের ও পরিচালনা করবেন।

১০. নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণ ব্যাংকের মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য ব্যাংকের অনুমোদিত হারে ফি প্রাপ্য হবেন।

১১. ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি, বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্র এবং সংশ্লিষ্ট জেলা আইনজীবী বার সমিতির সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের মূল কপির সঙ্গে দাখিল করতে হবে।

১২. আবেদনপত্রের সাথে 'রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী' এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১৩. নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী ব্যাংকের বিপক্ষে কোন মামলায় প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না। বিষয়টি নজরে আসলে তাৎক্ষণিকভাবে তার প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ বাতিল করা হবে।

১৪. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের পূর্বে বা পরের কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না।

১৬. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষ অধিকার সংরক্ষণ করে ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্যানেল আইনজীবী পদের জন্য আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ৩০.০৩.২০২৩ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কার্যালয়ে পৌছাতে হবেঃ

০১.	আইন বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, ২৭২ বনলতা বা/এ, বিমান বন্দর রোড, ডাকঘর- সপুরা, রাজশাহী। ফোন নং- ০২৫৮৮-৮২০০৯৪
০২.	স্ব স্ব জেলা সদরে অবস্থিত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সংশ্লিষ্ট জোনাল কার্যালয়।

মোঃ জাকির হোসেন

উপ-মহাব্যবস্থাপক